

HUMAN RIGHTS FORUM BANGLADESH (HRFB)

সংবাদ বিবৃতি

রাজধানীর মোহাম্মদপুরে আবাসিক ভবনের নবম তলা থেকে পড়ে গৃহকর্মী প্রীতি উরানের মৃত্যু

হিউম্যান রাইটস ফোরাম বাংলাদেশ (এইচআরএফবি) 'র সুষ্ঠু তদন্ত ও বিচার এবং ভুক্তভোগীর পরিবারের নিরাপত্তা নিশ্চিত করার দাবি

[ঢাকা, ১২ ফেব্রুয়ারি ২০২৪] মোহাম্মদপুর শাহজাহান রোডের একটি বাড়ির নয়তলা থেকে পড়ে গৃহকর্মী প্রীতি উরানের (১৫) মৃত্যুর ঘটনায় হিউম্যান রাইটস ফোরাম বাংলাদেশ (এইচআরএফবি) গভীর উদ্বেগ প্রকাশ করছে এবং এ ঘটনার সুষ্ঠু ও নিরপেক্ষ তদন্ত এবং বিচারের জোর দাবি জানাচ্ছে। একই সাথে, প্রীতির পরিবারের প্রয়োজনীয় নিরাপত্তা নিশ্চিত করার জোর দাবি জানাচ্ছে।

চা শ্রমিক লোকেশ উরানের মেয়ে প্রীতির বাড়ি মৌলভীবাজারের কমলগঞ্জ উপজেলার মিত্তিঙ্গা গ্রামে। জানা গেছে, ডেইলি স্টারের নির্বাহী সম্পাদক সৈয়দ আশফাকুল হকের বাসায় প্রায় দুই বছর ধরে কাজ করত প্রীতি (প্রথম আলো, ৭ ফেব্রুয়ারি ২০২৪)। ঘটনার দিন, ৭ ফেব্রুয়ারি ২০২৪, প্রীতিকে ভবনের নিচতলা থেকে রক্তাক্ত অবস্থায় উদ্ধার করে শহীদ সোহরাওয়ার্দী হাসপাতালে নিয়ে যাওয়া হয়। গণমাধ্যমসূত্রে আরো জানা যাচ্ছে, হাসপাতালে নেওয়ার আগেই প্রীতির মৃত্যু হয়েছে বলে কর্তব্যরত চিকিৎসক জানিয়েছেন। এ ঘটনায় দায়েরকৃত মামলায় ডেইলি স্টারের নির্বাহী সম্পাদক সৈয়দ আশফাকুল হক ও তার স্ত্রী তানিয়া খন্দকারকে কারাগারে পাঠানো হয়েছে। উল্লেখ্য, এর পূর্বে গত বছরের ৬ আগস্ট একই বাসা থেকে ৯ বছরের শিশু গৃহকর্মী ফেরদৌসি লাফিয়ে পড়ে গুরুতর আহত হয় (যুগান্তর, ৭ ফেব্রুয়ারি ২০২৪)।

ফোরামের পক্ষ থেকে এ ঘটনার নিরপেক্ষ তদন্ত ও সুষ্ঠু বিচার নিশ্চিত করার জোর দাবি জানাচ্ছে। একই সাথে এ ধরনের ঘটনার পুনরাবৃত্তিরোধ এবং গৃহকর্মীদের সুরক্ষা নিশ্চিত করার জন্য ফোরাম নিম্নোক্ত দাবি জানাচ্ছে:

- গৃহকর্মী হিসেবে শিশুদের ব্যবহার বন্ধ করা এবং এই ব্যাপারে সরকারি বেসরকারি প্রতিষ্ঠান থেকে উদ্যোগ নেওয়া;
- গৃহকর্মী সুরক্ষা ও কল্যাণ নীতি ২০১৫ যথাযথভাবে বাস্তবায়ন করা এবং এ নীতির আলোকে গৃহকর্মীদের সুরক্ষায় আইন প্রণয়ন করা;
- গৃহকর্মীদের কাজকে ঝুঁকিপূর্ণ কাজের তালিকায় অন্তর্ভুক্ত করা;
- গৃহকর্মীদের নিবন্ধন জোরদার করার জন্য রাষ্ট্রীয় সংস্থাগুলি থেকে সক্রিয় পদক্ষেপ গ্রহণ করা।

Secretariat:

Ain o Salish Kendra (ASK)

2/16, Block-B, Lalmatia, Dhaka-1207

Phone: +88-02-810 0192, 810 0195, 810 0197 | HRFB Email: hrfb.20@gmail.com | Website: <https://hrf-bd.org/>

Experts:

Dr. Hameeda Hossain, Sultana Kamal and Raja Devasish Roy

Forum Members:

Ain o Salish Kendra (ASK), Acid Survivors Foundation (ASF), Association for Land Reform and Development (ALRD), Bandhu Social Welfare Society (BSWS), Bangladesh Adivasi Forum, Bangladesh Dalit and Excluded Rights Movements (BDERM), Bangladesh Institute of Labor Studies (BILS), Bangladesh Legal Aid & Services Trust (BLAST), Bangladesh Mahila Parishad (BMP), FAIR, Kapaeeng Foundation, Karmojibi Nari (KN), Manusher Jonno Foundation (MJF), Nagorik Uddyog, Naripokkho, National Alliance of Disabled Peoples' Organizations (NADPO), Nijera Kori, Steps Towards Development (Steps), Transparency International Bangladesh (TIB), Women with Disabilities Development Foundation (WDDF).